বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
গবেষণা উইং
গাজীপুর-১৭০১

কৃষিই সমৃদ্ধি

Office Ph: 88-02-49270001
Fax No. : 88-02-49270027
PABX : 02-49270041-8
Email : dir.res@bari.gov.bd
Web : www.bari.gov.bd

স্মারক নং-১২.২১.০০০০.০০০.০০৩.৯৯.০০০৩.২২.১১৯ তারিখ: ০৬-০৮-২০২৬ খ্রি.

**বিষয়ঃ বিএআরআই এর বিভিন্ন আঞ্চলিক কেন্দ্র/কেন্দ্র/বিভাগ সমূহের সংগৃহীত জার্মপ্লাজম উদ্ভিদ কৌলিসম্পদ কেন্দ্রে জমা রাখা প্রসঙ্গে।**

উদ্ভিদ কৌলিসম্পদ কেন্দ্র বাংলাদেশের খাদ্য ও কৃষির জন্য গুরুত্বপূর্ণ কৌলিসম্পদ সংগ্রহ, সংরক্ষণ, তথ্য সংরক্ষণ, পুনরুৎপাদন এবং বিতরণের দায়িত্ব পালন করে আসছে যার উদ্দেশ্য হচ্ছে এসব কৌলিসম্পদকে ভবিষ্যতের গবেষণা, উদ্ভিদ প্রজনন এবং টেকসই কৃষি উন্নয়নের জন্য দীর্ঘমেয়াদে সংরক্ষিত ও ব্যবহারযোগ্য রাখা।

উল্লেখ্য যে, SDG এর Goal ২.৫.১ এর আওতায় বিএআরআইকে ২০৩০ সালের জুন মাস নাগাদ SDG-ট্রেকারে ১৫০০০ রেজিষ্টার্ড জার্মপ্লাজমের (BD এক্সেশন নং) তথ্য আপলোডের লক্ষমাত্রা নির্ধারণ করা আছে। অদ্যবধি মাত্র ১৩৩০০ জার্মপ্লাজমের BD এক্সেশন নং দেয়া সম্ভব হয়েছে। অতি অল্প সময়ের মধ্যে বাকি ১৭০০ জার্মপ্লাজমের BD এক্সেশন পেতে হলে প্রচুর সংখ্যক জার্মপ্লাজম দরকার। অন্যদিকে বারি কর্তৃক উদ্ভাবিত ও অবমুক্ত অনেক জাত সংশ্লিষ্ট গবেষণা কেন্দ্র বা বিভাগের মাধ্যমে দীর্ঘমেয়াদে সংরক্ষিত না হওয়ার ফলে এসব গুরুত্বপূর্ণ সম্পদ অতীতে হারিয়ে গিয়েছে এবং ভবিষ্যতে হারিয়ে যাওয়ার ঝুঁকি তৈরি হয়েছে।

এমতাবস্থায়, উদ্ভিদ কৌলিসম্পদ কেন্দ্রের কৌলিসম্পদ সংরক্ষণ কার্যক্রমকে আরও শক্তিশালী ও সমৃদ্ধ করার লক্ষ্যে বারি'র সকল গবেষণা কেন্দ্র, বিভাগ এবং আঞ্চলিক গবেষণা কেন্দ্রসমূহকে তাদের উদ্ভাবিত বা সংরক্ষিত অবমুক্ত জাত, জার্মপ্লাজম, অগ্রসর প্রজনন লাইন, এলিট লাইন এবং অন্যান্য মুল্যবান উপাদানের প্রতিনিধিত্বমূলক বীজ নমুনার একটি সেট দীর্ঘমেয়াদী সংরক্ষণের জন্য সংযুক্ত পত্র মোতাবেক উদ্ভিদ কৌলিসম্পদ কেন্দ্রে প্রেরণের জন্য অনুরোধ করা হ'লো।

ড. ফারুক আহমেদ
পরিচালক (গবেষণা)

**সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. পরিচালক (গবেষণা/সেবা ও সরবরাহ/প্রশিক্ষণ ও যোগাযোগ/পরিকল্পনা ও মূল্যায়ন/উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র/কন্দাল ফসল গবেষণা কেন্দ্র/তৈলবীজ গবেষণা কেন্দ্র), বারি, গাজীপুর/ডাল গবেষণা কেন্দ্র ও আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, বারি, ঈশ্বরদী, পাবনা।

২. মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, উদ্ভিদ প্রজনন বিভাগ/কৃষিতত্ত্ব বিভাগ/মৃত্তিকা বিজ্ঞান বিভাগ/কীটতত্ত্ব বিভাগ/উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগ/সরেজমিন গবেষণা বিভাগ/এফএমপিই বিভাগ/সেচ ও পানি ব্যবস্থাপনা বিভাগ/উদ্ভিদ শারীরতত্ত্ব বিভাগ/ পোস্টহারভেস্ট টেকনোলজি বিভাগ/জীবপ্রযুক্তি বিভাগ/খামার বিভাগ/কৃষি অর্থনীতি বিভাগ/বীজ প্রযুক্তি বিভাগ/উদ্ভিদ কৌলিসম্পদ কেন্দ্র/এএসআইসিটি বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ), ফল বিভাগ/সবজি বিভাগ/ফুল বিভাগ, উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র, বারি, গাজীপুর।

৩. মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র (জামালপুর/রহমতপুর, বরিশাল/যশোর/হাটহাজারী, চট্টগ্রাম/ আকবরপুর, মৌলভীবাজার/কুমিল্লা/বুড়িরহাট, রংপুর)।

৪. মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, মসলা গবেষণা কেন্দ্র, বারি, শিবগঞ্জ, বগুড়া/প্রজনন বীজ উৎপাদন কেন্দ্র, দেবীগঞ্জ, পঞ্চগড়/ আঞ্চলিক উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র, চাঁপাইনবাবগঞ্জ/ফল গবেষণা কেন্দ্র, বিনোদপুর, রাজশাহী/আঞ্চলিক মসলা গবেষণা কেন্দ্র, মাগুরা/সরেজমিন গবেষণা বিভাগ, রংপুর/পাহাড়ী কৃষি গবেষণা কেন্দ্র, খাগড়াছড়ি/আঞ্চলিক উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র, লেবুখালী, পটুয়াখালী।

৫. প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, অনিষ্টকারী মেরুদন্ডী প্রাণী বিভাগ/মেশিনারী মেরামত ও রক্ষণাবেক্ষণ বিভাগ/আঞ্চলিক মসলা গবেষণা কেন্দ্র/ডাল গবেষণা উপ-কেন্দ্র, বারি, গাজীপুর/পাহাড়ী কৃষি গবেষণা কেন্দ্র, রাইখালী, রাঙ্গামাটি/কন্দাল ফসল গবেষণা উপ-কেন্দ্র, মুন্সিগঞ্জ/কন্দাল ফসল গবেষণা উপ-কেন্দ্র, সেউজগাড়ী, বগুড়া/লাক্ষা গবেষণা কেন্দ্র, কল্যাণপুর, চাঁপাইনবাবগঞ্জ/কৃষি গবেষণা উপ-কেন্দ্র, ঠাকুরগাঁও/পাহাড়তলী, চট্টগ্রাম/সরেজমিন গবেষণা বিভাগ ও কৃগকে, পাবনা/সরেজমিন গবেষণা বিভাগ, (ময়মনসিংহ/ফরিদপুর/সিলেট/কুমিল্লা/শ্যামপুর, রাজশাহী/নোয়াখালী/কিশোরগঞ্জ/দৌলতপুর, খুলনা/গোপালগঞ্জ/কক্সবাজার/কুষ্টিয়া)/ মসলা গবেষণা উপ-কেন্দ্র, ফরিদপুর/আঞ্চলিক ডাল গবেষণা কেন্দ্র, মাদারীপুর/আঞ্চলিক উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র, শিবপুর, নরসিংদী/ সাইট্রাস গবেষণা কেন্দ্র, জৈন্তাপুর, সিলেট।

৬. ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, পাহাড়াঞ্চল কৃষি গবেষণা কেন্দ্র, রামগড়, খাগড়াছড়ি/মসলা গবেষণা উপ-কেন্দ্র, লালমনিরহাট/ কৃষি গবেষণা কেন্দ্র, রাজবাড়ী, (দিনাজপুর/বেনেরপোতা, সাতক্ষীরা/চরবয়রা, ঘোনাপাড়া, গোপালগঞ্জ)/সরেজমিন গবেষণা বিভাগ, (বান্দরবান/ভোলা/টাঙ্গাইল/বরেন্দ্রকেন্দ্র,রাজশাহী/পটুয়াখালী/শেরপুর/চেলোপাড়া, বগুড়া/গাইবান্ধা/মানিকগঞ্জ)।

৭. বৈজ্ঞানিক কর্মকর্তা, সরেজমিন গবেষণা বিভাগ, শিবপুর, নরসিংদী।

৮. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বারি, গাজীপুর।

৯. অফিস কপি।

কৃষিই সমৃদ্ধি

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
উদ্ভিদ কৌলিসম্পদ কেন্দ্র
গাজীপুর-১৭০১

Phone : +88 02-49270183
Cell no: +88 01727764644
E-mail : pd.pgrc@bari.gov.bd
cso.pgrc@bari.gov.bd
Web : www. bari.gov.bd

স্মারক নং-১২.২১.০০০০.০০০.০২৪.০৯.০০০৪.১৮.৪৯ তারিখঃ ০২-০৮-২০২৬ খ্রি.

বরাবর
পরিচালক (গবেষণা)
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
গাজীপুর-১৭০১

**বিষয়ঃ বিএআরআই এর বিভিন্ন আঞ্চলিক কেন্দ্র/কেন্দ্র/বিভাগ সমূহের সংগৃহীত জার্মপ্লাজম উদ্ভিদ কৌলিসম্পদ কেন্দ্রে জমা রাখা প্রসঙ্গে।**

উদ্ভিদ কৌলিসম্পদ কেন্দ্র (PGRC) বাংলাদেশের খাদ্য ও কৃষির জন্য গুরুত্বপূর্ণ উদ্ভিদ কৌলিসম্পদ সংগ্রহ, সংরক্ষণ, তথ্য সংরক্ষণ, পুনরুৎপাদন এবং বিতরণের দায়িত্ব পালন করে আসছে যার উদ্দেশ্য হচ্ছে এসব কৌলিসম্পদকে ভবিষ্যতের গবেষণা, উদ্ভিদ প্রজনন (Plant Breeding) এবং টেকসই কৃষি উন্নয়নের জন্য দীর্ঘমেয়াদে সংরক্ষিত ও ব্যবহারযোগ্য রাখা।

২০০৮ সাল থেকে উদ্ভিদ কৌলিসম্পদ কেন্দ্র আধুনিক সংরক্ষণ সুবিধার মাধ্যমে বারির ম্যান্ডেটভুক্ত ফসলের জার্মপ্লাজম সংরক্ষণ করে আসছে। এই কেন্দ্র দেশের বিভিন্ন অঞ্চল থেকে নিজস্ব কর্মসূচির মাধ্যমে জার্মপ্লাজম সংগ্রহ করে থাকে। বারির বিভিন্ন গবেষণা কেন্দ্র, বিভাগ ও আঞ্চলিক গবেষণা কেন্দ্রসমূহও তাদের গবেষণা ও প্রজনন কার্যক্রমের অংশ হিসেবে স্থানীয় জার্মপ্লাজম সংগ্রহ করে থাকে। সংগৃহীত জার্মপ্লাজম গুলো মূল্যায়নের পর অল্প সংখ্যক উপাদান নতুন জাত হিসেবে অবমুক্ত করা হয় আর অবশিষ্ট অনেক জার্মপ্লাজম পরবর্তী কার্যক্রমে ব্যবহার না হওয়ায় সংরক্ষণের বাইরে থেকে যায়। অথচ এসব উপাদানের মধ্যে ভবিষ্যৎ গবেষণা, জাত উন্নয়ন, জলবায়ু সহনশীলতা বৃদ্ধি কিংবা অন্যান্য কৃষি উন্নয়ন কর্মসূচিতে ব্যবহারের জন্য মূল্যবান জিনগত বৈশিষ্ট্য বিদ্যমান থাকতে পারে।

এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, SDG এর Goal 2.5.1 এর আওতায় বিএআরআইকে সংরক্ষিত রেজিষ্টার্ড জার্মপ্লামের সংখ্যা ও তথ্য প্রতি বছর আপলোড করার বাধ্যবাধকতা রয়েছে। ২০৩০ সালের জুন মাস নাগাদ SDG-ট্রেকারে বিএআরআই কে ১৫০০০ রেজিষ্টার্ড জার্মপ্লাজমের (BD এক্সেশন নং) তথ্য আপলোডের লক্ষমাত্রা নির্ধারণ করা আছে। অদ্যবধি মাত্র ১৩৩০০ জার্মপ্লাজমের BD এক্সেশন নং দেয়া সম্ভব হয়েছে। অতি অল্প সময়ের মধ্যে বাকি ১৭০০ জার্মপ্লাজমের BD এক্সেশন পেতে হলে প্রচুর সংখ্যক জার্মপ্লাজম দরকার।

অন্যদিকে বারি কর্তৃক উদ্ভাবিত ও অবমুক্ত অনেক জাত সংশ্লিষ্ট গবেষণা কেন্দ্র বা বিভাগের মাধ্যমে দীর্ঘমেয়াদে সংরক্ষিত না হওয়ার ফলে এসব গুরুত্বপূর্ণ জিনসম্পদ হারিয়ে যাওয়ার ঝুঁকি তৈরি হয়েছে এবং ভবিষ্যতে একই বা অনুরূপ উপাদান অন্য কোনো প্রতিষ্ঠানের মাধ্যমে পুনরায় জাত হিসেবে অবমুক্ত হওয়ার সম্ভাবনাও থেকে যায়।

এমতাবস্থায় উদ্ভিদ কৌলিসম্পদ কেন্দ্রের কৌলিসম্পদ সংরক্ষণ কার্যক্রমকে আরও শক্তিশালী ও সমৃদ্ধ করার লক্ষ্যে বারির সকল গবেষণা কেন্দ্র, বিভাগ এবং আঞ্চলিক গবেষণা কেন্দ্রসমূহকে তাদের উদ্ভাবিত বা সংরক্ষিত অবমুক্ত জাত, জার্মপ্লাজম, অগ্রসর প্রজনন লাইন (Advanced Breeding Lines), এলিট লাইন (Elite Lines) এবং অন্যান্য মুল্যবান উপাদানের প্রতিনিধিত্বমূলক বীজ নমুনা দীর্ঘমেয়াদী সংরক্ষণের জন্য অত্র কেন্দ্রে প্রেরণের আদেশ প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

০২/৮/২০২৬

(ড. মোঃ দাউদ হোসেন BARI0232)
মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা